

“মুজিববর্ষের অঙ্গীকার  
সুরক্ষিত হবে মানবাধিকার”



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮  
ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)



স্মারকঃ ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-৩০০

তারিখঃ ১৬.০৬.২০২০

বিষয়: প্রান্তিক জনগোষ্ঠীর মানুষের কোভিড-১৯ নমুনা পরীক্ষার জন্য বিশেষ বুথের ব্যবস্থা করা প্রসঙ্গে।

সূত্র: কমিশনের 'জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘু এবং অনগ্রসর জনগোষ্ঠীর অধিকার সুরক্ষা' সংক্রান্ত থিমेटিক কমিটির বিশেষ সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অনলাইনে গত ১৫ জুন ২০২০ তারিখে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি-এর সভাপতিত্বে থিমेटিক কমিটির এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণ করেন কমিটির সদস্য ও কমিশনের মাননীয় সার্বক্ষণিক সদস্য ড. কামাল উদ্দিন আহমেদ, অবৈতনিক সদস্য জনাব চিংকিউ রোয়াজা, জেসমিন আরা বেগম, জনাব মিজানুর রহমান খান, ড. নমিতা হালদার এনডিসি, প্রফেসর ড. মেজবাহ কামাল, নির্বাহী প্রধান, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট কালেকটিভ (আরডিসি), জনাব সঞ্জিব দ্রং, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আদিবাসী ফোরাম, জনাব খালিদ হোসেন, নির্বাহী প্রধান, কাউন্সিল অব মাইনোরিটিস, জনাব রবীন্দ্রনাথ সরেন, সাধারণ সম্পাদক, জাতীয় আদিবাসী পরিষদ, জনাব শঙ্কর পাল, প্রতিনিধি, ইউএনডিপি।

০২। সভায় সামর্থ্যের সীমাবদ্ধতা নিয়ে চলমান মহামারী মোকাবেলায় সরকারের ঐকান্তিক প্রচেষ্টাকে সাধুবাদ জানানো হয়। একই সাথে অত্যধিক পরিমানে নমুনা পরীক্ষার উপর জোর দিয়ে বিশেষ করে প্রান্তিক জনগোষ্ঠী যেমন; দলিত, হরিজন, হিজড়া, উর্দুভাষী জনগোষ্ঠী যাদের একটি কক্ষে অত্যন্ত মানবেতরভাবে ১০/১২ জন বসবাস করে জীবনযাপন করতে হয়, তাদের স্বাস্থ্য ঝুঁকি বেশি থাকায় তাদের আবাসস্থলের আশে-পাশে সুবিধাজনক স্থানে কোভিড-১৯ নমুনা পরীক্ষার জন্য বিশেষ বুথের ব্যবস্থা করা একান্ত প্রয়োজনীয় বলে সর্বসম্মতি জ্ঞাপন করা হয়।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় তাদের আবাসস্থলের আশে-পাশে সুবিধাজনক স্থানে কোভিড-১৯ নমুনা পরীক্ষার জন্য বিশেষ বুথের ব্যবস্থা করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হল।

সচিব  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



কাজী আরফান আশিক  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
জাতীয় মানবাধিকার কমিশন

অনুলিপি :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা